

213633 - এটা কি সঠিক যে, ইফতারের মূহূর্তে আল্লাহর মাঝে ও তাঁর বান্দাদের মাঝে পর্দা তুলে নেয়া হয়?

প্রশ্ন

এটা কি সঠিক যে, ইফতারের মূহূর্তে আল্লাহর মাঝে ও তাঁর বান্দাদের মাঝে পর্দা তুলে নেয়া হয়?

প্রিয় উত্তর

ইতিপূর্বে 124410 নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে যে, ইফতারের সময় আল্লাহর মাঝে ও তাঁর বান্দাদের মাঝের পর্দাগুলো তুলে নেয়া হয় মর্মে যা উদ্ধৃত করা হয় সুন্নাহতে এর কোন ভিত্তি নেই।

কিন্তু এটি সাব্যস্ত হয়েছে যে, ইফতারের সময় রোযাদারের দোয়া ফেরত দেয়া হয় না। ইমাম তিরমিযি (২৫২৬) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণনা করেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: “তিনজনের দোয়া ফেরত দেয়া হয় না: ন্যায় পরায়ন শাসক, রোযাদার ব্যক্তি যখন ইফতার করে এবং মজলুমের দোয়া। এটিকে মেঘের উপরে তোলা হয়, এর জন্য আসমানের দরজাগুলো উন্মুক্ত করা হয় এবং রব্ব বলেন: আমার মর্যাদার শপথ, কিছুকাল পরে হলেও আমি তোমাকে সাহায্য করব।” [আলবানী ‘সহিহুত তিরমিযিতে হাদিসটিকে সহিহ বলেছেন]

আল-ক্বারী বলেন: “রোযাদার ব্যক্তি যখন ইফতার করে”: যেহেতু দোয়াটি একটি ইবাদতের পরে এবং অসহায়ত্ব ও মিনতির অবস্থায় করা হয়। [মিরকাতুল মাসাবীহ (৪/১৫৩৪) থেকে সমাপ্ত]

আল্লাহ তাআলা বলেন: আল্লাহ তাআলা বলেন: “আর আমার বান্দাগণ যখন আমার সম্পর্কে আপনাকে জিজ্ঞেস করে, (তখন বলে দিন যে) নিশ্চয় আমি অতি নিকটে। দোয়াকারী যখন আমাকে ডাকে তখন আমি তার ডাকে সাড়া দেই; অতএব তারাও আমার ডাকে সাড়া দিক এবং আমার প্রতি ঈমান আনুক; যাতে তারা সঠিক পথে থাকতে পারে।” [সূরা বাক্বারা, আয়াত: ১৮৬]

ইবনে কাছির (রহঃ) বলেন:

“সিয়ামের বিধি-বিধান বর্ণনার মাঝে দোয়ার প্রতি উদ্বুদ্ধকারী এই আয়াতটি উল্লেখ করার মধ্যে মাস পরিপূর্ণ হওয়ার সময়; বরঞ্চ প্রত্যেক ইফতারের সময় অধিকহারে দোয়া করার প্রতি দিক নির্দেশনা রয়েছে।” [তাফসিরে ইবনে কাছির (১/৩৭৪) থেকে সমাপ্ত]

সারকথা:

রোযাদারের ইফতারের সময় দোয়া কবুলের সম্ভাবনাময়। তবে ইফতারের সময় আল্লাহর মাঝে ও তাঁর বান্দাদের মাঝে পর্দা তুলে নেয়া হয়: আমরা এমন কথার কোন ভিত্তি জানি না।

আরও জানতে দেখুন: 39462 নং ও 93066 নং প্রশ্নোত্তর।

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

এটি প্রতিষ্ঠা ও পরিচালনা করেছেন:
শাইখ মুহাম্মাদ সালিম আল-মুনাজ্জিদ

আল্লাহই সর্বত্ত্ব।